

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০১৫(আগরতলা-০৬।।১২)
উদয়পুর, ৬ ডিসেম্বর, ২০১৭

কাকড়াবন ব্লক ভিত্তিক যুব উৎসব ১৫ ডিসেম্বর

আগামী ১৫ ডিসেম্বর কাকড়াবন ব্লক ভিত্তিক যুব উৎসব মির্জা কমিউনিটি হলে অনুষ্ঠিত হবে। যুব উৎসবে সমবেত লোক সংগীত, সমবেত লোকনৃত্য, তবলা, হারমোনিয়াম, তাৎক্ষণিক বক্তৃতা, একাঙ্ক নাটক, মনিপুরী নৃত্য, ভরত নাট্যম, কথক নৃত্য, হিন্দুস্থানী উচ্চাঙ্গ সংগীত, সমবেত লোক নৃত্য (প্রতিযোগিতা বহির্ভূত), গাজন ও জারি নৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ব্লক এলাকার ১৫ থেকে ৩৫ বছর বয়সের যুবক-যুবতীরা এই প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবে। প্রতিটি বিভাগে প্রথম স্থানাধিকারী শিল্পীরা গোমতী জেলা ভিত্তিক যুব উৎসবে অংশ গ্রহণ করবে।
